



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax- 8189029


নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-২১৫০

তারিখঃ ০৯/৯/২০১৪ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত) এর প্রকল্পভুক্ত বিআরডিবি'র ১২ টি জেলা দপ্তরে কর্মরত ১২ (বার) জন জুনিয়ার অফিসার (হিসাব) উপজেলা থেকে প্রাপ্ত প্রতিবেদন ও প্রকল্পের হিসাব সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে বিআরডিবি'র উপপরিচালককে সার্বক্ষণিক সহযোগিতা করে থাকেন। জেলা দপ্তরে হিসাব সংক্রান্ত কাজে প্রকল্পের নিজস্ব জনবল না থাকায় বিআরডিবি'র উপ পরিচালক রাজেশ্ব বাজেটের আওতায় কর্মরত জুনিয়ার অফিসার (হিসাব) এর মাধ্যমে জেলা দপ্তরে প্রকল্পের হিসাব এবং উপজেলা হতে প্রাপ্ত যাবতীয় তথ্য একীভূত করে প্রকল্প সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করে থাকেন। প্রকল্পের কাজে আরও গতিশীলতা আনয়ন এবং উৎসাহ বৃদ্ধির জন্য প্রকল্প তহবিল হতে মাসিক ৫০০/- (পাঁচ শত) টাকা হারে সম্মানী ভাতা প্রদান করা হবে। ইতোমধ্যে এ খাতে জেলা দপ্তরে অর্থ ছাড় করা হয়েছে। এ আদেশ জুলাই/২০১৪ খ্রিস্টাব্দ থেকে কার্যকর হবে।

২। কতৃপক্ষের অনুমোদন ক্রমে এ আদেশ জারী করা হলো।


০৯/০৯/১৪
(প্রকৌশলী মেহমুদ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন: ০২-৮১৮০১৪৪

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপ পরিচালক, বিআরডিবি, ----- জেলা।
- ২। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েব সাইট এ প্রকাশের জন্য)।
- ৩। জুনিয়ার অফিসার, বিআরডিবি, ----- জেলা।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৬। অফিস নথি/ সংশ্লিষ্ট নথি।